

## ফলাফল ব্যবস্থাপনা

কলুষমুক্ত ক্রীড়াঙ্গণের স্বার্থে আইন বা কর্তৃত্বের প্রতি শ্রদ্ধা বজায় রাখা বা ফিরিয়ে আনার লক্ষ্যে ডোপিং বিরোধী যে নিয়মের বা প্রবিধানের মাধ্যমে খেলোয়ার, কোচ, কর্মকর্তাদের কঠোর তিরস্কার করা অথবা আজীবন বহিস্কার করা ফলাফল ব্যবস্থাপনার মাধ্যমে করা হয়ে থাকে।

ডোপিং বিরোধী আইন লঙ্ঘনের মাত্রার উপর ক্রীড়াবিদদের খেলায় অংশগ্রহণের অযোগ্যতার সময় নির্ধারিন করা হয়ে থাকে। ব্যক্তিবিশেষের পারিপার্শ্বিকতা, পরিস্থিতি, নিষিদ্ধ পর্দার্থ অথবা পদ্ধতির ধরন, পুণরায় ডোপিং বিরোধী আইন লঙ্ঘনের সম্ভাবনা বিবেচনায় শাস্তির মাত্রা নিরূপিত হয়।

A নমুনার ফলাফল ধনাত্মক পাওয়া গেলে ক্রীড়াবিদ B নমুনা বিশ্লেষণ করার অধিকার রাখেন এবং এজন্য তাকে আবেদন করতে হবে। আরোপিত নিষেধাজ্ঞার বিরুদ্ধে একজন ক্রীড়াবিদ নিরপেক্ষ শুনানি এবং আইনগত পদক্ষেপ নিতে পারবেন।

খেলোয়ারদের অধিকতর স্বার্থ সংরক্ষণের জন্য ডোপিং বিরোধী নীতিমালা প্রতিনিয়ত পরিবর্তন, পরিবর্ধন, সংযোজন ও বিয়োজন হচ্ছে। হালনাগাদ বিস্তারিত জানতে সংশ্লিষ্ট সংস্থাসমূহ যেমন: জাতীয় ও আন্তর্জাতিক ফেডারেশন, জাতীয় ডোপিং বিরোধী সংস্থা, বিশ্ব ডোপিং বিরোধী সংস্থা তথা WADA এর সাথে যোগাযোগ করতে পারেন।

WADA

wada-ama.org • info@wada-ama.org
facebook.com/wada.ama • twitter.com/wada_ama

| | |
|---|---|
| Headquarters | 800 Place Victoria, Suite 1700, P.O. Box 120, Montreal, QC, H4Z 1B7, Canada • Tel.: +1.514.904.9232 • Fax: +1.514.904.8650 |
| Africa | Protea Assurance Building, 8th Floor, Greenmarket Square, Cape Town, 8001, South Africa • Tel.: +27.21.483.9790 • Fax: +27.21.483.9791 |
| Asia/Oceania | C/O Japan Institute of Sports Sciences, 3-15-1 Nishigaoka, Kita-Ku, Tokyo, 115-0056, Japan • Tel.: +81.3.5963.4321 • Fax: +81.3.5963.4320 |
| Europe | Maison du Sport International, Avenue de Rhodanie 54, 1007 Lausanne, Switzerland • Tel.: +41.21.343.43.40 • Fax: +41.21.343.43.41 |
| Latin America | World Trade Center Montevideo, Tower II, Unit 712, Calle Luis A De Herrera 1248, Montevideo, Uruguay • Tel.: +598.2.623.5206 • Fax: +598.2.623.5207 |


অনুবাদ: ডাঃ মোঃ শফিকুর রহমান

আরো বিস্তারিত জানতে www.wada-ama.org


এক নজরে

# ডোপিং বিরোধী গাইড

### ক্রীড়াবিদদের জন্য গুরুত্বপূর্ন তথ্যাবলী

# Anti-Doping

### Important Facts and Highlights from WADA's Athlete Guide



Medical & Anti-Doping Committee

WITH THE SUPPORT OF
OLYMPIC SOLIDARITY

In partnership with WADA

# ওয়াদা কি (WADA)?

আর্ন্তজাতিক স্বায়ত্ত্বশাষিত সংস্থা ১৯৯৯ইং সনে প্রতিষ্ঠিত যা বিশ্বব্যাপী ডোপিং বিরোধী কার্যক্রমকে সমন্বয়, সহায়তা ও তত্ত্বাবধায়ন করে থাকে।

# কোড কি (Code)?

বিশ্বডোপিং বিরোধী কোড হলো এমন এক দলিল দস্তাবেজ বা নীতিমালা যা বিশ্বের সব খেলায় সব দেশের ডোপিং বিরোধী নিয়মের সমন্বয় বজায় রাখে এবং ডোপিং বিরোধী আইন প্রণয়ন করে। এর মাধ্যমে বিশ্বব্যাপী সকল ক্রীড়া সংগঠন- ক্রীড়াবিদদের জন্য ডোপিং বিরোধী একটি আর্ন্তজাতিক মানদন্ড তৈরী করে থাকে।




# ডোপিং কি?

বিশ্বডোপিং বিরোধী সংস্থা বা জাতীয় ডোপিং বিরোধী সংস্থার ডোপিং বিরোধী আইনের এক অথবা একাধিক নিয়মের লঙ্ঘন করাকে ডোপিং বলে।

১ **উপস্থিতি:** ক্রীড়াবিদের নমুনায় নিষিদ্ধ পদার্থ অথবা তার মেটাবোলাইটস অথবা মার্কারের উপস্থিতি যদি পাওয়া যায়।

২ **ব্যবহার:** যদি কোন ক্রীড়াবিদ নিষিদ্ধ পদার্থ অথবা পদ্ধতি ব্যবহারের চেষ্টা করে।

৩ **অস্বীকার:** অবহিত করা সত্ত্বেও নমুনা দিতে অস্বীকার করা।

৪ **ব্যর্থতা:** নিজের অবস্থানের বিবরণী দিতে অসফল বা পরীক্ষণে উপস্থিত থাকতে না পারা।

৫ **হস্তক্ষেপ করা:** ডোপিং কন্ট্রোল পদ্ধতিকে কোন কিছুর মিশ্রনে অযাচিতভাবে হস্তক্ষেপের মাধ্যমে প্রভাবিত করার চেষ্টা করা।

৬ **স্বত্ত্ব:** নিষিদ্ধ পদার্থ নিজের কাছে ধরে রাখা।

৭ **প্রয়োগ করা:** অন্য কোন ক্রীড়াবিদকে নিষিদ্ধ পদার্থ/পদ্ধতি নিতে সহায়তা করা অথবা প্রয়োগ করা।

৮ **অবৈধভাবে পরিবহন/পাচার:** নিষিদ্ধ পদার্থ অথবা পদ্ধতি অবৈধভাবে পরিবহনে/পাচারে জড়িত হওয়া।

৯ **জটিলতা:** ডোপিং বিরোধী আইন ভঙ্গের ব্যাখ্যায় জটিলতা তৈরী করা।

১০ **নিষিদ্ধতা:** নিষিদ্ধ ঘোষিত ক্রীড়াবীদের সহযোগীর সাথে যোগাযোগ রাখা।

আরো বিস্তারিত জানতে www.wada-ama.org

# নিষিদ্ধ পদার্থ এবং পদ্ধতির তালিকা


এই তালিকা প্রতিযোগীতা চলাকালীন এবং বর্হিভূত উভয়ক্ষেত্রে প্রযোজ্য। বিশ্বডোপিং বিরোধী সংস্থা প্রতি বছর এই তালিকা হালনাগাদ করে থাকে এবং সর্বশেষ সংস্করণ ওয়েবসাইটে পাওয়া যায়।

ঔষধের অপব্যবহার, পথ্যবিধি সংক্রান্ত খাবার অথবা পুষ্টিদায়ক সম্পূরক খাবার এবং অন্য যে কোন দ্রব্যের বা পদ্ধতির দায়িত্বজ্ঞানহীন ব্যবহার একজন ক্রীড়াবিদের সর্বোচ্চ ক্রীড়া নৈপুন্য ছিনিয়ে নেয়।

সম্পূরক দ্রব্য বা পদার্থ ব্যবহারের ক্ষেত্রে সর্বোচ্চ সতর্কতা অবলম্বন করা উচিত। এমনকি শতভাগ প্রাকৃতিক অথবা জৈব সম্পূরকে নিষিদ্ধ পদার্থ থাকতে পারে।

যে কোন ঔষধ অথবা সম্পূরক পদার্থ ব্যবহারের পূর্বে একজন ক্রীড়াবিদের অবশ্যই নিম্নলিখিত বিষয়গুলি দেখে নেওয়া অথবা পরামর্শ নেওয়া উচিত।

- বিশ্বডোপিং বিরোধী সংস্থার নিষিদ্ধ ঔষধের তালিকা।
- জাতীয় ডোপিং বিরোধী সংস্থা অথবা আর্ন্তজাতিক ফেডারেশন।
- চিকিৎসক অথবা ফার্মাসিষ্ট।



## চিকিৎসা মূলক অব্যাহতি

TUEs

সুনির্দিষ্ট চিকিৎসা সংক্রান্ত কারণে জাতীয় ডোপিং বিরোধী সংস্থা অথবা আর্ন্তজাতিক ফেডারেশন অথবা বড় ক্রীড়া আয়োজকের সংশ্লিষ্ট সাংগঠনিক কমিটিতে আবেদনের মাধ্যেমে বিশ্বডোপিং বিরোধী সংস্থার তালিকাভূক্ত নিষিদ্ধ পর্দাথ ব্যবহারের অনুমতি নেওয়াকে চিকিৎসামূলক অব্যাহতি বলে।

# পরীক্ষণ
## (ডোপিং নিয়ন্ত্রন)

ডোপিং নিয়ন্ত্রণ পরীক্ষণ প্রক্রিয়ার ১১টি ধাপ পরের পাতায় বিস্তারিত দেয়া আছে।

একজন ক্রীড়াবিদ জাতীয় অথবা আর্ন্তজাতিক পর্যায়ে যে কোন প্রতিযোগীতায় ডোপ পরীক্ষণের জন্য মূত্র অথবা রক্তের নমুনা দেওয়ার জন্য বাছাই হতে পারেন। যে কোন সময় যে কোন স্থানে বিশ্বডোপিং বিরোধী সংস্থার অনুমোদিত বিশেষ ভাবে প্রশিক্ষণপ্রাপ্ত ডোপিং নিয়ন্ত্রণ অফিসার পরীক্ষণের প্রক্রিয়াটি সম্পন্ন করে থাকেন। এই ডোপ পরীক্ষা প্রতিযোগীতা চলাকালীন অথবা বর্হিভূত উভয় সময়েই হতে পারে।

## কিন্তু কেন আমি ?

প্রতিযোগীতা চলাকালীন তাৎক্ষণিক অথবা প্রতিযোগীতায় উল্লেখযোগ্য অবস্থান অথবা অন্য বিশেষ কোন সুনির্দ্দিষ্ট কারণে ডোপ পরীক্ষার জন্য ক্রীড়াবিদকে বাছাই করা যেতে পারে।

প্রতিযোগীতা বর্হিভূত পরীক্ষণ যে কোন সময় যে কোন স্থানে এবং বিনা অগ্রীম বিজ্ঞপ্তিতে করা হয়।

অপ্রাপ্ত বয়স্ক অথবা প্রতিবন্ধি ক্রীড়াবিদদের ডোপ পরীক্ষণের নমুনা ডোপিং নিয়ম্ণ অফিসারের সাথে আলোচনা সাপেক্ষে স্বাভাবিক প্রক্রিয়া থেকে সামান্য পরিবর্তন করে সংগ্রহ করা যেতে পারে।

# কোথায় কখন
## Whereabouts

সীমিত সংখ্যাক ক্রীড়াবিদ এই পরীক্ষণপুলের অর্ন্তভুক্ত। নিবন্ধনকৃত খেলোয়ারগণ তাদের বছরব্যাপী অবস্থানগত বিবরণ সংশ্লিষ্ট ফেডারেশন এবং আর্ন্তজাতিক সংস্থাসমূহকে দিয়ে থাকেন।

তথ্যাবলী সমূহ:
১. বাড়ীর ঠিকানা
২. প্রশিক্ষণ সময় এবং স্থান
৩. প্রতিযোগীতার সময়সূচী ও স্থান
৪. দৈনন্দিন কার্যাবলী (স্কুল, অফিস)

এছাড়াও একজন ক্রীড়াবিদ তার প্রতিদিনের অবস্থানের তথ্য দিবেন যেখান থেকে তাকে এক ঘন্টার বিজ্ঞপ্তিতে ডোপ টেষ্ট করা যেতে পারে। এক ঘন্টার বিজ্ঞপ্তিতে ক্রীড়াবিদকে পাওয়া না গেলে সেটা ব্যর্থ ডোপ টেস্ট বলে বিবেচিত হবে। এমনকি নিবন্ধনকৃত পুলের বাহিরের ক্রীড়াবিদদেরও এ তথ্যসমূহ চাওয়া হতে পারে।



## আরও সহযোগীতায়
# এডামস

ADAMS

বিশ্বডোপিং বিরোধী সংস্থার ডোপিং বিরোধী প্রশাসনিক এবং ব্যবস্থাপনা পদ্ধতির মাধ্যমে একজন ক্রীড়াবিদ তার অবস্থান হালনাগাদ করতে পারেন।

আরো বিস্তারিত জানতে www.wada-ama.org

# পরীক্ষণ প্রক্রিয়া ১১টি ধারাবাহিকতায় নমুনা সংগ্রহ করা হয়

১

**ক্রীড়াবিদ বাছাই**

যে কোন সময় এবং যে কোন স্থানে ক্রীড়াবিদকে ডোপ টেষ্টের জন্য ডাকা হতে পারে। মূত্র অথবা রক্ত যে কোন সময় যে কোন স্থানে ডোপ পরীক্ষার জন্য সংগ্রহ করা যেতে পারে।

২

**ক্রীড়াবিদের দৃষ্টি আকর্ষণ করা**

DCO অথবা স্যাফকরণ ক্রীড়াবিদকে জানাবেন তাকে ডোপ টেষ্টের জন্য বাছাই করা হয়েছে এবং ক্রীড়াবিদের অধিকার ও দায়িত্ব ব্যাখ্যা করবেন।

৩

**ডোপিং নিয়ন্ত্রণ কক্ষে রিপোর্ট করা**

তাৎক্ষণিকভাবে একজন ক্রীড়াবিদকে রিপোর্ট করতে হবে।

৪

**নমুনা সংগ্রহ পাত্র বাছাই করা**

পছন্দমত পাত্র বাছাই করা যাবে। পাত্রটি যেন ভালভাবে সীল করা থাকে এটা নিশ্চিত করতে হবে।

৫

**নমুনা সংগ্রহের সময়**

নমুনা দেয়ার সময় একই লিঙ্গের ডিসিও অথবা স্যাফরন সাক্ষী হিসাবে উপস্থিত থাকবেন। ক্রীড়াবিদকে রক্তের নমুনাও দিতে হতে পারে।

৬

**মূত্রের পরিমান**

প্রয়োজনীয় পরিমান (৯০ মিঃলিঃ)

৭

**নমুনা পাত্র বাছাই এবং ভাগ করা**

নমুনা পাত্র বাছাই করে দুইটি বোতলে ভাগ করতে হবে 'এ' এবং 'বি' নমুনা হিসাবে। কিছুটা নমুনা সংগ্রহ পাত্রে রেখে দিতে হবে।

৮

**নমুনার বোতল সীল করা**

ক্রীড়াবিদকে 'এ' এবং 'বি' দুটি বোতলই সীলগালা করতে হবে ডিসিও-এর নির্দেশনা অনুযায়ী এবং নিশ্চিত করতে হবে শক্তভাবে সীলগালা হয়েছে।

৯

**আপেক্ষিক গুরুত্বের পরিমাণ**

ডিসিও আপেক্ষিক গুরুত্বের পরিমাপ করবেন এবং নিশ্চিত করবেন মূত্রের নমুনা যেন বেশী তরল হয়ে না যায়।

১০

**ডোপিং কন্ট্রোল ফরম পূরণ করা**

ব্যক্তিগত, ব্যবহৃত ঔষধ ও সম্পূরক পদার্থের তথ্যাদি দিতে হবে এবং নিশ্চিত করতে হবে যেন সমস্ত তথ্যাদি সঠিক। ক্রীড়াবিদ ডোপিং নিয়ন্ত্রন প্রক্রিয়া সম্পর্কে নিজস্ব মতামত দিতে পারবেন এবং তাকে একটি ডোপিং নিয়ন্ত্রণ ফরমের দস্তখতসহ অনুলিপি দেওয়া হবে।

১১

**গবেষণাগারের প্রক্রিয়া**

বিশ্ব ডোপিং বিরোধী সংস্থার নিবন্ধনকৃত গবেষণাগারে সকল নমুনা পাঠানো হয়। 'এ' স্যাম্পল বিশ্লেষণ করা হয় এবং 'বি' স্যাম্পল প্রয়োজন হলে পরবর্তী ব্যবহারের জন্য কঠোর নিরাপত্তায় রেখে দেওয়া হয়। গবেষনাগার সংশ্লিষ্ট সংস্থা এবং বিশ্ব ডোপিং বিরোধী সংস্থায় ফলাফল পাঠিয়ে দেয়।

আরো বিস্তারিত জানতে www.wada-ama.org